



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ/১৮-এ, শেরে বাংলানগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়ঃ জিটিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি	:	প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি।
সভার তারিখ	:	২৭-০২-২০২৩
সভার সময়	:	বেলা ৩.০০ ঘটিকা
স্থান	:	জিটিসিএল কনফারেন্স রুম
উপস্থিতি	:	সংলগ্নী-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জিটিসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) কোম্পানিতে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) লক্ষ্যমাত্রা তুলে ধরেন এবং উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী ইতোমধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ (১টি ব্যাচ) ও ১০০টি দুর্নীতি বিরোধী লিফলেট প্রকাশ ও প্রচার কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে বাস্তবায়িতব্য কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবহিত করেন।

বিস্তারিত আলোচনান্তে, সভাপতি নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্টকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ২.১। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩)-এর অগ্রগতি ও বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।
- ২.২। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর ক্রমিক-১.৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stake holders) অংশগ্রহণে সভা আগামী ৩০-০৩-২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে।
- ২.৩। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কোম্পানির কাজে ব্যবহৃত প্রাধিকারভুক্ত এবং পরিবহন পুলের গাড়ির জ্বালানির যথাযথ ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের জন্য ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩)-এর ক্রমিক-৩.৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রান্সপোর্ট কন্ট্রোল ডিপার্টমেন্ট কর্তৃক গাড়ির জ্বালানি ব্যবহার যথার্থতা পরীক্ষা করে (লেগবই পরীক্ষা) সংশ্লিষ্ট প্রতিবেদন আগামী ৩০-০৩-২০২৩ তারিখের মধ্যে ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি বরাবর প্রেরণ করতে হবে।
- ২.৪। কোম্পানির সকল কর্মকর্তা/কর্মচারীকে সময়মত অফিসে উপস্থিতি সংবলিত নির্দেশনা প্রদানকরতঃ প্রশাসন ডিভিশন হতে একটি পরিপত্র জারি করতে হবে।

চলমান পাতা-২

৩-২০২৩

৩-২০২৩

৩-২০২৩

৩-২০২৩

৩-২০২৩

৩-২০২৩



=২=

২.৫। নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

কার্যব্যবস্থায়ঃ

-সংশ্লিষ্ট ডিভিশন/প্রকল্প/ডিপার্টমেন্ট প্রধান....., জিটিসিএল।

-সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট....., জিটিসিএল।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক

ও
সভাপতি, নৈতিকতা কমিটি।

বিতরণঃ

১। সকল ডিভিশন প্রধান , জিটিসিএল।

২। ফোকাল পয়েন্ট, এপিএ টিম/ইনোভেশন টিম/সিটিজেন চার্টার/তথ্য অধিকার আইন....., জিটিসিএল।

অনুলিপিঃ

১। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল।— কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করবেন।

২। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।

৩। অফিস কপি।